# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০২৫

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মানুষের জন্য মুস্তাহাব হলো আল্লাহর শত্রুদের সাথে যুদ্ধের ক্ষেত্রে সালাতের পর দুআয় আল্লাহর কাছে সাহায্য চাওয়া

ذِكْرُ مَا يُستحب لِلْمَرْءِ أَنْ يَسْتَعِينَ بِاللَّهِ جَلَّ وَعَلَا فِي دُعَائِهِ فِي عُقَيْبِ الصَّلَاةِ عَلَى قِتَالِ أَعْدَائِهِ

---

আরবী

2025 ـ أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ قَالَ: حَدَّثَنَا مُوسَى بْنُ إِسْمَاعِيلَ قَالَ: حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ عَنْ ثَابِتٍ الْبُنَانِيِّ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي لَيْلَى عَنْ صُهَيْبٍ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ أَيَّامَ خَيْبَرَ يُحَرِّكُ شَفَتَيْهِ بِشَيْءٍ بَعْدَ صَلَاةِ الْفَجْرِ فَقِيلَ لَهُ: يَا رَسُولَ اللَّهِ إِنَّكَ تُحَرِّكُ شَفَتَيْكَ بِشَيْءٍ مَا كُنْتَ تَفْعَلُهُ فَمَا هَذَا الَّذِي تَقُولُ؟ قَالَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (أَقُولُ اللَّهُمَّ بك أُحاول وبك أُقاتل وبك أُصاول)

الراوي : صُهَيْب | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2025 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الصحيحة)) (1061)

বাংলা

২০২৫. সুহাইব রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম খাইবার যুদ্ধের দিনগুলোতে ফজরের সালাতের পর দুই ঠোঁট নেড়ে কিছু বলছিলেন। তখন তাঁকে বলা হলো, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আপনি দুই ঠোঁট নেড়ে কিছু বলছিলেন, যা আপনি আগে করতেন না! এসময় আপনি কী বলছিলেন? ”রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “আমি বলছিলাম, اللَّهُمَّ بك أُحاول وبك أُقاتل وبك أُصاول (হে আল্লাহ, আমি আপনার সাহায্যে যুদ্ধ করি, আপনার সাহায্যে হামলা করি)।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৪/৩৩৩; নাসাঈ, আমালুল ইয়াওমি ওয়াল লাইলাহ: ৬১৪; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৯৭৫১; তিরমিযী: ৩৩৪০; তাবারানী: ৭৩১৯।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ১০৬১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ সুহায়ব আর্ রূমী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91343

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন